

নং-১৯.০০.০০০০.১২১.০১.০৩০.২০ (৩৩০)/৭৫

০১ ফেব্রুয়ারি ২০২৪

অফিস আদেশ

মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী (পারিতোষিক ও বিশেষ অধিকার) আইন, ১৯৭৩ (হালনাগাদ সংশোধিত)-এর ১৪নং ধারার বিধানমতে জনাব মোহাম্মদ এমরুল করিম, পিতা- জনাব বয়েজুর রহমান, গ্রাম- হাজী পাড়া, ডাকঘর: পোমরা-৪৩৬০, পুলিশ স্টেশন: রাংগুনিয়া, জেলা: চট্টগ্রাম -কে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- (১০ম গ্রেড) বেতনক্রমে এবং বিধি মোতাবেক অন্যান্য আর্থিক সুবিধাদিসহ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের দপ্তরের জন্য “ব্যক্তিগত কর্মকর্তা” পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :


ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার বেতন জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড অনুসারে টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- এ নির্ধারিত হবে। এ ছাড়াও তিনি বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন;

খ) উক্ত ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের বরাদ্দকৃত “৩২১১১০৯ - সাকুল্য বেতন (সরকারি কর্মচারী ব্যতীত)” খাত থেকে নির্বাহ করা হবে;

গ) মাননীয় পররাষ্ট্র মন্ত্রী যেদিন ইচ্ছা পোষণ করবেন অথবা তিনি যেদিন থেকে কার্যভার ত্যাগ করবেন সেদিন থেকে কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি স্বয়ংক্রিয়ভাবে চাকরিচ্যুত হবেন;

ঘ) এ নিয়োগ সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যগত উপযুক্ততা প্রমাণ সাপেক্ষে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চারিত্রিক ও প্রাক-পরিচয় সত্যায়ন সাপেক্ষে ০১/০২/২০২৪ তারিখ (পূর্বাহ্ন) থেকে কার্যকর হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।


০১-০২-২০২৪

(সৌরভ দাশ গুপ্ত বিজয়)
সহকারী সচিব (নীতি ও সংগঠন)

ফোন: ০২-২৩৩৫০৯০৮


ই-মেইল: aspando@mofa.gov.bd

নং-১৯.০০.০০০০.১২১.০১.০৩০.২০ (৩৩০)/৭৫

০১ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ২। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ/নীতি ও সংগঠন) পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র মন্ত্রণালয়), চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, ১ম ১২তলা (৯ম তলা) সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ/সংস্থাপন-২ ও ৩/তহবিল/বাজেট/সাধারণ সেবা-১,২/ আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৫। জনাব মোহাম্মদ এমরুল করিম, পিতা- জনাব বয়েজুর রহমান, গ্রাম- হাজী পাড়া, ডাকঘর: পোমরা-৪৩৬০, পুলিশ স্টেশন: রাংগুনিয়া, জেলা: চট্টগ্রাম
- ৬। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি
- ৭। অফিস কপি।


০১-০২-২০২৪

(সৌরভ দাশ গুপ্ত বিজয়)
সহকারী সচিব (নীতি ও সংগঠন)